

বিজ্ঞপত্র - ২৬

দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 OCT 2007 ...
পৃষ্ঠা ১৬ কলাম ১

চট্টগ্রাম ভার্শিটি খুলেছে সেশন জটের আশঙ্কা

॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

দীর্ঘ দুই মাস বন্ধ থাকার পর গতকাল বুধবার খুলেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। খোলার প্রথমদিনে আনন্দ-উচ্ছ্বাস ছিল ক্যাম্পাসের সর্বত্র। আবার জমেছে আড্ডা জারুলতলা, ঝুপড়ি, চাকসু, রেল স্টেশনসহ বিভিন্ন ফ্যাকাল্টির ক্যাফেগুলোতে। অনেকদিন পর যেন প্রাণ ফিরে পেয়েছে তেরশ একরের ক্যাম্পাস।

কড়া নিরাপত্তার মধ্যদিয়ে পরিচয়পত্র দেখিয়ে ক্যাম্পাসে প্রবেশ করে ছাত্র-ছাত্রীরা। বিশ্ববিদ্যালয় রেলস্টেশন চত্বরে ছাত্র-ছাত্রীদের ক্যাম্পাসে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম বদিউল আলম, প্রক্টর ড. জসিম উদ্দিনসহ প্রশাসনের কর্তাব্যক্তির। খোলার প্রথমদিন গতকাল কয়েকটি বিভাগে দুই-একটি করে ক্লাস হলেও কোন পরীক্ষা অনুষ্ঠিত হয় নি। এদিকে দুই মাসের অনাকাঙ্ক্ষিত বন্ধের ফলে প্রায় ছয় মাসের সেশনজটের আশংকা করছে ছাত্র-ছাত্রীরা। তবে এ ব্যাপারে ভিসি প্রফেসর ড. এম বদিউল আলম বলেন, সেশনজট যাতে সৃষ্টি না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা করবে সংশ্লিষ্ট বিভাগগুলো।